

**AKASHVANI (Kolkata  
Regional News Unit**

**Date: 11-11-2025**

**Desk in Charge : Kalyan Laha**

**Time : 1-40 PM**

**Compiling : NBR**

**DEO : KB**

**NRT : NBR**

\*\*\*\*\*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দিল্লি বিষ্ফোরণের সঙ্গে জড়িত ষড়যন্ত্রকারীরা কোনোভাবেই রেহাই পাবে না। এই ঘটনার জন্য যারা দায়ী, তাদের বিচারের কাঠগড়ায় আনা হবে। ভুটানের রাজধানী থিম্পুতে আজ এক অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, গত সন্ধ্যার এই ঘটনায় গোটা দেশ ব্যাধিত।

( বাইট- PM )

\*\*\*\*\*

এদিকে, দিল্লির ঘটনার প্রেক্ষিতে এরাজ্যের সর্বত্র নিরাপত্তা ব্যবস্থা আঁটোসাঁটো করা হয়েছে। কলকাতায় জারি হয়েছে হাই এলার্ট। CISF, বিমান বন্দরের ভেতরের নিরাপত্তা বাড়িয়েছে। বন্দর এলাকায় চলছে কড়া তল্লাশি। কলকাতা, হাওড়া, শিয়ালদা, খড়গপুর, বর্ধমান, ব্যান্ডেল, নিউ জলপাইগুড়ি, আলিপুরদুয়ার জংশন, মালদা টাউন সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্টেশনে নিয়োগ করা হয়েছে বিপুল সংখ্যক পুলিশ বাহিনী। রেলপথের পাশাপাশি আন্তঃরাজ্য সীমান্ত এলাকায় বাড়ানো হয়েছে নিরাপত্তা। পশ্চিম বর্ধমানের ডুবুদিহী চেক পোস্ট, মুর্শিদাবাদের সুতি ছাড়াও আন্তর্জাতিক সীমান্ত, পেট্রোপোল, হিলি, নেপাল-ভুটান ও বাংলাদেশের সংযোগ পথ 'চিকেনস নেক'-এ চলছে নাকা তল্লাশি। পুলিশী নিরাপত্তা বাড়ানো হয়েছে, কোচবিহারের রাশ মেলা, দক্ষিণেশ্বর কালীঘাট সহ একাধিক তীর্থ কেন্দ্র এবং পর্যটন স্থলে।

দিল্লিতে বিষ্ফোরণ-এর ঘটনার প্রেক্ষিতে, কলকাতা ও ইডেন গার্ডেনে ভারত-দক্ষিণ আফ্রিকা ক্রিকেট ম্যাচের জন্য কড়া নিরাপত্তার ব্যবস্থা নেওয়া হয়েছে। ত্রিস্তরীয় নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে ইডেন গার্ডেনে।

উল্লেখ্য, আগামী শুক্রবার সেখানে ভারত ও দক্ষিণ আফ্রিকার মধ্যে প্রথম ক্রিকেট টেস্ট অনুষ্ঠিত হবে।

\*\*\*\*\*

এরাজ্যের রাজ্যপাল হিসাবে তিনি বছর পূর্তি উপলক্ষ্যে রাজ্যপাল সিভি আনন্দ বোস এবার রাজ্যের গ্রামীণ এলাকার বাসিন্দাদের প্রকৃত অবস্থা জানতে সেখানে রাত্রিবাস করার সিদ্ধান্ত নিয়েছেন। আমার গ্রাম কর্মসূচির আওতায় রাজ্যপাল ইতমধ্যেই রাজ্যের বিভিন্ন প্রত্যন্ত গ্রামীণ এলাকা পরিদর্শন করেছেন। ওই কর্মসূচির পরবর্তী ধাপ হিসেবে গ্রামে রাত্রি যাপনের এই সিদ্ধান্ত বলে রাজভবন সূত্রে জানা গেছে। গ্রামের বাসিন্দাদের মধ্যে থেকে রাজ্যপাল তাঁদের সমস্যা ও অভাব অভিযোগ সম্পর্কে অবহিত হবেন ও তার সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ নেবেন। আগামী ২৩ নভেম্বর নিজের পদে তিনি বছর পূর্ণ করবেন সিভি আনন্দ বোস। এই উপলক্ষ্যে রাজভবনের তরফে আরো নানা কর্মসূচি হাতে নেওয়া হচ্ছে। ২৩ তারিখে রাজভবনের উদ্যোগে ১০০ জন দুঃস্থ যুবক-যুবতীর বিবাহ দেওয়া হবে। এ বিষয়ে আবেদনগ্রহণের প্রক্রিয়াও শুরু হয়ে গিয়েছে। ইচ্ছুকদের আগামী ১৬ তারিখের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে।

\*\*\*\*\*

রাজ্যের বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিস্তারিত প্রকল্প প্রতিবেদন (ডিপিআর) তৈরির ক্ষেত্রে মনুষ্য ঘটিত ভুল রোধ ও দ্রুততা আনতে নতুন প্রযুক্তি চালু করল রাজ্য সরকার। ‘সিস্টেম-জেনারেটেড ডিপিআর’ নামের ওই পদ্ধতিতে এবার থেকে সম্পূর্ণ স্বয়ংক্রিয়ভাবে সরকারি প্রকল্পের হিসাব-নিকাশ ও রিপোর্ট প্রস্তুতি হবে।

এতদিন পর্যন্ত ম্যানুয়ালি ডিপিআর তৈরি করতে গিয়ে বারবার ভুল দেখা দিচ্ছিল। এর ফলে ডিপিআর তৈরি বিলম্বিত হচ্ছিল এবং প্রকল্পের কাজও পিছিয়ে যাচ্ছিল। সেই সমস্যা কাটাতেই এই নতুন ব্যবস্থা আনা হয়েছে। নতুন পদ্ধতিতে নির্দিষ্ট কোনও প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত ইঞ্জিনিয়ার কেবলমাত্র প্রয়োজনীয় উপকরণের পরিমাণ উল্লেখ করলে স্বয়ংক্রিয়ভাবে মোট ব্যয় নির্ণয় করে সম্পূর্ণ ডিপিআর তৈরি হয়ে যাবে। বিশেষত রাস্তা নির্মাণ ও সংস্কার প্রকল্পে এই পদ্ধতি সবচেয়ে কার্যকর হবে বলে আশা করা হচ্ছে।

\*\*\*\*\*

পূর্ব মেদিনীপুরের কোলাঘাটে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারিয়ের অফিসে তল্লাশি মামলায় পুলিশ আগামী ৩১-শে জানুয়ারী পর্যন্ত কোন পদক্ষেপ করতে পারবে না বলে কলকাতা হাইকোর্ট জানিয়েছে। এব্যাপারে পুলিশ যে স্বতঃপ্রগোদ্ধিত মামলা দায়ের করেছে তা নিয়ে সন্দেহ প্রকাশ করেছেন বিচারপতি শুভ্রা ঘোষ। তবে, পুলিশকে তদন্ত চালিয়ে যাওয়ার নির্দেশ দিলেও বিরোধী দলনেতাকে কোনভাবে হেনস্থা বা তার বিরুদ্ধে অন্য কোন পদক্ষেপ নেওয়ার ওপর নিষেধাজ্ঞা জারি করেছে আদালত। আগামী ৮-ই জানুয়ারী এই মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, গত বছর ২২-শে মে লোকসভা নির্বাচন চলাকালীন শুভেন্দু অধিকারিয়ের অফিসে পুলিশী তল্লাশি চালানোর নামে ভাঙ্গুর করা হয় বলে অভিযোগ।

\*\*\*\*\*

আকাশবাণীর সহ-অধিকর্তা শিখর রায় আজ ভোরে বারুইপুরে তাঁর নিজের বাসভবনে প্রয়াত হয়েছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৩ বছর।

তিনি আকাশবাণীর কলকাতা, শিলিগুড়ি, মুর্শিদাবাদ, ইন্ফল এবং চাঁইবাসা কেন্দ্রে কাজ করেছেন। কলকাতার এফ এম বিভাগের সূচনায় এবং অন্য নানান নতুন ভাবনার

অনুষ্ঠানে তাঁর উল্লেখযোগ্য অবদান ছিল। শিখর রায় সুলেখক ছিলেন। মণিপুরের পটভূমিকায় একটি উপন্যাস ছাড়াও তাঁর অন্য বেশ কিছু প্রকাশিত বই রয়েছে।

\*\*\*\*\*

৩১-তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে এবার অংশ নিয়েছে ৩৯ টি দেশ। বিভিন্ন দেশ থেকে আসা পর্যটক এবং সিনেমা প্রেমি মানুষদের নিরাপত্তা নিশ্চিত করতে নন্দন চতুরেও আরো আঁটোসাটো করা হয়েছে সুরক্ষা ব্যবস্থা। এরই মধ্যে ২০২৬শে বাংলা সিনেমার জন্য কি কি প্রয়োজন শীর্ষক বিষয়ে একটি আলোচনা বাংলা অ্যাকাডেমি সভা ঘরে শুরু হয়েছে। আলোচনায় অংশ নিয়েছেন বাংলা সিনেমার পরিচিত মুখ অরিজিত দত্ত, ফিরদৌসাল হাসান এবং শমীক রায়চৌধুরী। এদিকে আজই বিকেল চারটেই শিশির মধ্যে রয়েছে ঋত্বিক ঘটক শতবার্ষিকী স্মরণে বিশেষ সেমিনার। আজ বিকেলের সিনে আড়তার বিষয় বাংলা সিনেমায় রবীন্দ্র সংগীতের ব্যবহার, থাকবেন অরুণ্ধতী হোম চৌধুরী শিবাজী চট্টোপাধ্যায় শ্রী রাধা বন্দোপাধ্যায় সহ অন্যান্যরা।

\*\*\*\*\*

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী বা এসআইআর নিয়ে আগামীকাল (১২ই নভেম্বর) প্রচারিত হবে একটি বিশেষ আলোচনা। এতে অংশ নিয়েছেন পশ্চিমবঙ্গের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী। তাঁর সঙ্গে কথা বলেছেন সন্দীপন দাশগুপ্ত। অনুষ্ঠানটি শোনা যাবে রাত সাড়ে ৯-টা থেকে গীতাঞ্জলী প্রচার তরঙ্গে এবং ডিটিএইচ পরিষেবায়।

\*\*\*\*\*

দক্ষিণবঙ্গে এক ধাক্কায় তাপমাত্রা আজ আরো অনেকটা কমেছে। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রার রেকর্ড করা হয়েছে ১৮ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস যা

স্বাভাবিকের থেকে তিন ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে প্রায় ২ ডিগ্রি কম। পশ্চিমের জেলাগুলিতেও বিভিন্ন জায়গাতে সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের থেকে ৩ থেকে  $4^{\circ}$  কম। তবে এবার যেন আবহাওয়া উল্টো পথে হাঁটছে।। দার্জিলিংয়ের পাহাড়ে এলাকা ছাড়া উত্তরবঙ্গের উত্তরের জেলাগুলিতে সর্বনিম্ন তাপমাত্রা দক্ষিণবঙ্গের থেকে কিছুটা বেশি। গতকালও আলিপুরদুয়ার কোচবিহার জলপাইগুড়ি পুন্ডিবাড়ি সব জায়গাতেই সর্বনিম্ন তাপমাত্রা ঘোরাফেরা করেছে ১৭ থেকে ১৯ ডিগ্রির মধ্যে।

\*\*\*\*\*